অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/30/2021 **গভর্নর ক্যাথি হোকল**

নিউ ইয়র্ক স্টেটের এইচআইভি-এর প্রতি সাড়াদানের প্রচেষ্টার উপর আলোকপাত করার উদ্দেশ্যে গভর্নর হোকলের ভার্চুয়াল 'মহামারী নির্মূলকরণ সামিট' আয়োজনের ঘোষণা

প্রথম এইডস আক্রান্ত ব্যক্তি শনাক্ত হওয়ার 40 বছর পূর্ণ হলো

নিউ ইয়র্ক স্টেট নতুন এইচআইভি সংক্রমণ ও রোগনির্ণয়ের সংখ্যা সফলভাবে কমিয়ে এনেছে

স্টেট মহামারী নির্মূলকরণ (ETE) সংযুক্তি রিপোর্টপ্রকাশ করেছে

2024 সালের মধ্যে এইচআইভি মহামারী নির্মূল করার শপথ নবায়ন করেছে

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্কের ষষ্ঠ বার্ষিক "মহামারী নির্মূলকরণ (ETE) সামিট" 30 নভেম্বর, 2021 তারিখ থেকে 2 ডিসেম্বর, 2021 তারিখ পর্যন্ত ভার্চুয়ালভাবে আয়োজিত হবে, যা 1 ডিসেম্বর তারিখে উদযাপিত হতে যাওয়া বিশ্ব এইডস দিবসের সঙ্গে একই সময়ে আয়োজিত হতে যাচ্ছে। এবছরের বিশ্ব এইডস দিবস বিশেষ গুরুত্ব বহন করে, কারণ 5 জুন CDC-এর রোগ ও মৃত্যুহার সংক্রান্ত সাপ্তাহিক রিপোর্টে (MMWR) আনুষ্ঠানিকভাবে প্রথম উল্লেখ করা পাঁচটি কেসের 40 বছরপূর্তির দিন, যেসব কেস পরবর্তীতে অ্যাকোয়ার্ড ইমিউন ডেফিসিয়েন্সি সিনড্রোম (Acquired Immune Deficiency Syndrome, AIDS) নামে পরিচিতি লাভ করে।

"গত চার দশকে, এইচআইভি সংক্রমণ সম্পর্কে লোকজনকে শিক্ষিত করার জন্য নিউ ইয়র্ক স্টেটের অবিচল প্রচেষ্টা এবং চিকিৎসার অ্যাক্সেস প্রদানের জন্য যুগান্তকারী কৌশলসমূহ অবলম্বনের বিষয়টি নতুন সংক্রমণ ও রোগনির্ণয়ের হার কমিয়ে আনতে ভূমিকা রেখেছে," **বলেছেন গভর্নর হোকল।** "এবছরের 'মহামারী নির্মূলকরণ সামিট' আমাদের অর্জন করা অগ্রগতি এবং আমাদের সামনে থাকা চ্যালেঞ্জগুলো উভয়ের উপর আলোকপাত করার, এবং 2024 সালের মধ্যে এইডস মহামারী নির্মূল করার আমাদের শেয়ার করা লক্ষ্যকে জোরদার করার একটি সময়।"

এবছরের ETE সামিটের প্রতিপাদ্য হলো "মহামারী কাটিয়ে উঠা: ETE ও COVID-19" যার স্লোগান হলো: "নিচ থেকে উপরের দিকে: জনস্বাস্থ্যের 40 বছর," যেখানে সামিট ইভেন্টে স্টেটব্যাপী

সেবা প্রদানকারী ও কমিউনিটিগুলোর সম্পন্ন করা কাজগুলো প্রদর্শন করা হবে। ETE সামিটে 2020 সালে অর্জিত এইচআইভি মেট্রিক ফলাফল শেয়ার করা হবে এবং এইচআইভি মহামারীর সময়জুড়ে বিদ্যমান ছিল এবং কোভিড-19 মহামারীর কারণে আরো খারাপের দিকে গেছে এমন চ্যালেঞ্জগুলো মোকাবেলায় নিউ ইয়র্ক কোন কৌশলসমূহ অবলম্বন করেছে তার উপর আলোকপাত করা হবে।
"এইচআইভি ও এইডসের বিরুদ্ধে লড়াইয়ে আমাদেরকে অসাধারণ সাফল্য অর্জনের সক্ষমতা এনে দেয়া কয়েক দশকের গবেষণাগুলোর উপর আলোকপাত করার এই সময়ে, আমরা কোভিড-19 মহামারীর মতো অপ্রত্যাশিত জনস্বাস্থ্য সংক্রান্ত জরুরি অবস্থার ক্ষেত্রে এসব প্রচেষ্টার মধ্য ভারসাম্য রক্ষা করা অব্যাহত রাখবো," **বলেছেন নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগের (Department of Health) ভারপ্রাপ্ত এক্সিকিউটিভ ডেপুটি কমিশনার ক্রিস্টিন প্রাউড।** "নতুন চ্যালেঞ্জগুলোর মুখোমুখী হয়ে, নিউ ইয়র্ক স্টেটের দীর্ঘদিনের "শনাক্তযোগ্য নয় = সংক্রমণযোগ্য নয়" লক্ষ্য অর্জন এবং লোকজন যাতে দীর্ঘতর, সুস্থতর জীবন যাপনের জন্য তাদের প্রয়োজনীয় সেবা পায় তা নিশ্চিত করতে প্রচেষ্টা চালিয়ে যাবে।"

নিউ ইয়র্ক স্টেটের ETE প্রচেষ্টার উপর কোভিডের প্রভাব দূর করা এবং কমিউনিটিগুলোকে সব জনগোষ্ঠীর জন্য সমতাপূর্ণ ফলাফল অর্জনে সাহায্য করার জন্য একটি নতুন সময়কাল এবং সফল প্রচেষ্টাগুলো পুনরায় দ্বিগুণে উন্নীত করা আবশ্যক। সেকারণে, নিউ ইয়র্ক স্টেট 2024 সালের শেষ নাগাদ ETE লক্ষ্যগুলো অর্জন এবং এইচআইভি মহামারী নির্মূলকরণের জন্য ETE-এর সময়সীমা ও শপথ বর্ধিত করছে, যেখানে 2025 সালের ডিসেম্বর নাগাদ লভ্য ETE মেট্রিক্স অনুযায়ী ফলাফল পরিমাপ করা হবে। স্বাস্থ্য সমতা, স্বাস্থ্যের সামাজিক নির্ণায়ক, এবং জাতিগত বৈষম্য মোকাবেলা সামনের সময়গুলোতে আমাদের মনোযোগের কেন্দ্রবিন্দুতে থাকবে।

স্টেট সিনেটর গুস্তাভো রিভেরা বলেন, "প্রতিটি বিশ্ব এইডস দিবস বহু নিউ ইয়র্কবাসীর জীবন কেড়ে নেয়া একটি মহামারীর বিরুদ্ধে আমাদের লড়াইয়ে আমরা কতটা এগিয়ে এসেছি সে ব্যাপারে একটি শক্তিশালী রিমাইন্ডার হিসেবে কাজ করবে। নতুন সংক্রমণ প্রতিরোধ করবে এবং রোগে আক্রান্ত হয়ে বসবাসকারী ব্যক্তিদের, বিশেষ করে সংখ্যালঘু কমিউনিটিগুলোতে যারা এইচআইভি দ্বারা অসমভাবে প্রভাবিত হয়ে আসছে তাদের, জীবনযাত্রার মান উন্নত করবে এমন নীতিমালা প্রণয়ন নিশ্চিত করতে আরো একবার ETE সামিট আয়োজনের জন্য আমি গভর্নর হোকল ও তার প্রশাসনের প্রশংসা করি।"

অ্যাসেম্বলি সদস্য রিচার্ড গটফ্রাইড বলেন, "বিশ্ব এইডস দিবস এইচআইভি/এইডসের বিরুদ্ধে লড়াইয়ে কর্মতৎপর হওয়ার একটি আহবান, এবং নিউ ইয়র্ক ভালো জনস্বাস্থ্য নীতিমালা প্রণয়নের ক্ষেত্রে একটি মডেল হিসেবে নিজের জায়গা ধরে রেখেছে। আমরা আমাদের আয়ুষ্কালেই এইচআইভি মহামারী নির্মূল করার পথে এগিয়ে যাচ্ছি। যদি আমরা কমিউনিটিগুলোকে সম্পৃক্ত করতে পারি, সেবার অ্যাক্সেস সম্প্রসারণ করতে পারি, এবং সাশ্রয়ী ওষুধ ও আবাসন নিশ্চিত করতে পারি, তাহলে আমরা এইডসের বিরুদ্ধে লড়াইয়ে জিততে পারবো।"

মহামারী নির্মূলকরণ (ETE) সংযুক্তি রিপোর্ট হলো একটি লিখিত রিপোর্ট যেখানে গত পাঁচ বছরে নিউ ইয়র্ক স্টেটের ETE উদ্যোগগুলো সম্পর্কে সংক্ষিপ্ত ধারণা দেয়া হয়েছে, সেইসাথে এটিতে

2020 সালের পরে ETE-এর জন্য মনোযোগ দেয়ার এলাকাগুলো শনাক্ত করতে 2020 সালে পরিচালিত কমিউনিটির মতামত সংগ্রহের সেশনগুলোর সারসংক্ষেপ উল্লেখ করা হয়েছে। এই রিপোর্ট এখানে পাওয়া যাবে।

গত 36 বছরে স্টেটের ঐতিহাসিক ও শক্তিশালী সাড়াদানের ফলে, নিউ ইয়র্ক স্টেট এইচআইভি মহামারীর সংক্রমণ কমিয়ে আনতে পেরেছে, যা কয়েক দশক ধরে নিউ ইয়র্ক স্টেটে এইচআইভি আক্রান্তের সংখ্যা বৃদ্ধি পাওয়ার ধারাকে উল্টে দিয়েছে। ETE-এর সময়কালব্যাপী এইচআইভি সংক্রমণ ও রোগনির্ণয়ের সংখ্যা ধারাবাহিকভাবে হ্রাস পেয়েছে, এবং 2020 সালে এটি রেকর্ড পরিমাণ কমে 1,467 জন নতুন অনুমিত সংক্রমণের সংখ্যা এবং 1,933 জন এইচআইভি রোগনির্ণয়ের সংখ্যায় পৌঁছেছে।

এইচআইভি মহামারী নির্মূলকরণের প্রচেষ্টার মাধ্যমে অর্জিত অগ্রগতি সব গোষ্ঠীর জন্য সমানভাবে ঘটেনি। গত বছরে নতুন করে এইচআইভি রোগ ধরা পড়া লোকদের মধ্যে, হিস্প্যানিক ব্যক্তিরা প্রতি 100,000 জনে শ্বেতাঙ্গ ব্যক্তিদের চেয়ে চারগুণ বেশি হারে নতুন আক্রান্তের সংখ্যা দেখতে পেয়েছে। কৃষ্ণাঙ্গ/আফ্রিকান-আমেরিকান ব্যক্তিদের ক্ষেত্রে, এই হার শ্বেতাঙ্গ ব্যক্তিদের চেয়ে 8 গুণ বেশি ছিল। ভাইরাস দমনের ফলাফলের ক্ষেত্রেও এই অসমতা লক্ষ্য করা যায়, যেখানে 2020 সালে ভাইরাস দমনের এইচআইভি সেবায় মাত্র 84% কৃষ্ণাঙ্গ/আফ্রিকান-আমেরিকান সম্পৃক্ত হয়েছে, যা হিস্প্যানিক ব্যক্তিদের ক্ষেত্রে 88% এবং শ্বেতাঙ্গ ব্যক্তিদের ক্ষেত্রে 93% ছিল। যদিও 2019 সালের তুলনায় 2020 সালে এইচআইভি সেবা গ্রহণে সম্পৃক্ত সব জাতি/নৃতাত্ত্বিক গোষ্ঠীর মধ্যে ভাইরাস দমনের হার হ্রাস পেতে দেখা গেছে, জাতিগত অসমতার ব্যবধান বৃদ্ধি পাওয়ার বিষয়টি বিশেষভাবে উদ্বেগজনক।

প্রি-এক্সপোজার প্রোফাইল্যাক্সিস (PrEP) ব্যবহারের ক্ষেত্রেও বৈষম্য বিদ্যমান রয়েছে, যদিও নিউ ইয়র্ক স্টেটে PrEP কভারেজের হার দেশের মধ্যে সর্বোচ্চ। এইচআইভি-এর ঝুঁকিতে থাকা লোকজনের মধ্যে অশ্বেতাঙ্গ কমিউনিটিগুলো এবং নিম্ন আর্থ-সামাজিক অবস্থার ব্যক্তিরা, এই দুইটি গোষ্ঠীর প্রতিনিধিত্ব অনেক বেশি, এবং তারা শ্বেতাঙ্গ ব্যক্তিদের ও উচ্চতর আর্থসামাজিক অবস্থার ব্যক্তিদের তুলনায় প্রয়োজন অনুপাতে অনেক কম হারে PrEP অ্যাক্সেস করছে। এছাড়াও মহিলারা, বিশেষ করে কৃষ্ণাঙ্গ ও হিস্প্যানিক মহিলারা, এইচআইভি আক্রান্ত হওয়ার উচ্চ ঝুঁকিতে রয়েছেন কিন্তু অসমভাবে নিম্ন হারে PrEP অ্যাক্সেস করছেন। এসব তথ্য নির্দেশ করে যে, সামগ্রিকভাবে অগ্রগতি অর্জন করা সত্ত্বেও, অসম স্বাস্থ্য ফলাফলের ক্ষেত্রে কাঠামোবদ্ধ ও অন্যান্য ধরনের বর্ণবাদ ও অসমতা দীর্ঘস্থায়ীভাবে গুরুত্বপূর্ণ প্রভাব রাখছে।

যদিও নিউ ইয়র্ক স্টেট এই মহামারী নির্মূলকরণে অসাধারণ অগ্রগতি অর্জন করেছে, স্টেট ও সামনের সারির সেবা প্রদানকারীরা 2020 সালের একটি বড় অংশ এবং 2021 সালের শুরুর অংশ অভূতপূর্ব কোভিড-19 মহামারীর প্রতি সাড়াদানে ব্যয় করেছে এবং আসন্ন ভবিষ্যতেও তা অব্যাহত থাকবে। সেবা প্রদানকারীরা এই নতুন পরিবেশের সাথে মানিয়ে নিয়েছেন এবং টেলিহেলথ, এইচআইভি হোম টেস্টিং কিট, ড্রাইভ-থ্রু এইচআইভি পরীক্ষা, মোবাইল ও অফ-সাইট ল্যাবরেটরি পরিষেবাগুলোর ব্যবহার, রোগীর নিজে নিজে সোয়াবিং করার প্রসার ঘটানো এবং এধরনের অন্যান্য প্রচেষ্টার মাধ্যমে পরিষেবা পৌঁছে দেয়া এবং গ্রাহকদের সহায়তা প্রদান করার উদ্ভাবনমূলক উপায় খুঁজে বের করেছে।

যদিও কোভিড-19-এর সাথে সম্পর্কিত জনস্বাস্থ্য সংক্রান্ত জরুরি অবস্থায় স্টেটের জনস্বাস্থ্য বিষয়ক কমিউনিটি বীরত্বের সাথে সাড়া দিয়েছে, সংস্থানগুলো ব্যবহারের দিক পরিবর্তন হওয়া ETE লক্ষ্যগুলো অর্জনকে বিলম্বিত করে দিয়েছে। মহামারী শুরুর সময় থেকে, স্টেটের নির্দিষ্ট কিছু অংশে এইচআইভি আক্রান্তের সংখ্যা বৃদ্ধি পেতে দেখা গেছে, এইচআইভি পরীক্ষা উল্লেখযোগ্যভাবে কমে গেছে, PrEP অ্যাক্সেস করা ব্যক্তির সংখ্যা কমে গেছে, এবং STI ও অপিওয়েড ওভারডোজের রেকর্ড সংখ্যক উচ্চ মাত্রা দেখা গেছে।

নিউ ইয়র্ক স্টেট অন্যান্য স্টেটের জন্য নেতৃত্বের অবস্থান ধরে রেখেছে এবং এইচআইভি মা-থেকে-শিশুতে সংক্রমিত হওয়া (MTCT) দূর করার ETE-সম্পর্কিত ক্ষেত্রগুলোতে উল্লেখযোগ্য সাফল্য প্রদর্শন করেছে। 2021 সালে, NYS MTCT দূরীকরণের লক্ষ্য পূরণ করেছে। NYS এটি নিয়ে সপ্তম বারের মতো MTCT দূরীকরণের লক্ষ্য অর্জন করেছে (2013 ও 2015-2020) এবং প্রথম বারের মতো NYS একাধারে ছয় বছর এই লক্ষ্য পূরণ করেছে।

নিউ ইয়র্ক স্টেটের বিমাবিহীনদের জন্য সেবা কর্মসূচি (Uninsured Care Programs) NYS ব্যাপী অবস্থিত 4,500 এরও বেশি সেবা প্রদানকারীর একটি নেটওয়ার্কের মাধ্যমে বছরে 24,000 জনেরও বেশি এইচআইভি/এইডস আক্রান্ত বিমাহীন ও যথাযথ বিমাহীন ব্যক্তিকে সেবা প্রদান করে থাকে। সুনির্দিষ্টভাবে, এইডস ওষুধ সহায়তা কর্মসূচির (AIDS Drug Assistance Program, ADAP) গ্রাহকরা অব্যাহতভাবে সেবা গ্রহণ করছেন এবং ভাইরাসের চাপ প্রশমন এবং কোভিড-19 মহামারীর সময়ে ভাইরাসের চাপ প্রশমন ধরে রাখা সহ গুরুত্বপূর্ণ ফলাফল বজায় রেখেছেন।

আমাদের সিরিঞ্জ বিনিময় কর্মসূচি, যা রোগ ও ওভারডোজের বিরুদ্ধে স্টেটের লড়াইয়ের মেরুদণ্ড, অসাধারণ প্রতিরোধের সাথে কোভিড-19 এর প্রভাব কমিয়ে এনেছে। কর্মসূচির ব্যবহার ছয় মাসের মধ্যে মহামারী-পূর্ব সময়ে ফিরে গেছে, এবং এরপর আরো 5% বৃদ্ধি পেয়েছে। ওভারডোজের কারণে হারিয়ে যাওয়া জীবনগুলোর প্রতি সম্মান প্রদর্শনের জন্য, এবং সেইসাথে ওভারডোজের সমাপ্তি ঘটানোর জন্য কাজ করে যাওয়া ব্যক্তি ও গোষ্ঠীগুলোর ব্যক্তিগত ও সামষ্টিক অর্জনের স্বীকৃতিস্বরূপ একটি ভার্চুয়াল ইভেন্ট হিসেবে 9 সেপ্টেম্বর, 2021 তারিখে নিউ ইয়র্ক স্টেটের পৃষ্ঠপোষকতায় প্রথম ওভারডোজ সংক্রান্ত সচেতনতা দিবস (Overdose Awareness Day) পালিত হয়। 300 জনেরও বেশি ব্যক্তির উপস্থিতিতে আয়োজিত এই কমিউনিটি অনুষ্ঠান হারিয়ে যাওয়া জীবনগুলোর উপর আলোকপাত করার পাশাপাশি অপিওয়েড মহামারীর জন্য সামনের সারিতে সম্পন্ন হওয়া অসাধারণ কাজগুলোর স্বীকৃতি দেয়া এবং ওভারডোজ প্রতিরোধের অব্যাহত গুরুত্ব সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করার একটি সুযোগ ছিল।

এছাড়াও গভর্নর হোকল সম্প্রতি একটি ঐতিহাসিক আইন স্বাক্ষর করেছেন যা অপিওয়েড ওভারডোজ সংকটের বিরুদ্ধে লড়াইয়ে অতি গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করছে। এসব পরিবর্তন নিউ ইয়র্ক স্টেটকে এটির মহামারী নির্মূলকরণের লক্ষ্য অর্জনের দিকে আরো এগিয়ে নিয়ে যাবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418